[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-৩).২২৩০ তারিখ: ১৭/১২/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৫ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায় পর্যন্ত) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারি পরবর্তী ভর্তি কার্যক্রম সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.২২.১৪৬.২৪.৫১১; তারিখ: ০৯ ডিসেম্বর ২০২৪
২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-৩).১৮৫৫; তারিখ: ২৯/১০/২০২৪ খ্রি.
৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-৩).১৮৫৬; তারিখ: ২৯/১০/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায় পর্যন্ত) মাধ্যমিক বিদ্যালয়ে এন্ট্রি/প্রথম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শূন্য আসনের বিপরীতে ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া **১৭/১২/২০২৪ তারিখ** অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল লটারি অনুষ্ঠান পরবর্তী শিক্ষার্থীদের নির্বাচিত তালিকা এবং ১ম অপেক্ষমাণ ও ২য় অপেক্ষমাণ তালিকা ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। **ফলাফল শীটে নির্বাচিতদের তালিকা অনুযায়ী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।** নির্বাচিত তালিকা থেকে ভর্তি কার্যক্রম শেষ করার পর আসন শূন্য থাকা সাপেক্ষে **১ম অপেক্ষমাণ তালিকা থেকে ক্রমানুসারে ০২ (দুই) কর্মদিবসের মধ্যে** ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ১ম অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি কার্যক্রম শেষ করার পর আসন শূন্য থাকা সাপেক্ষে **২য় অপেক্ষমাণ তালিকা থেকে ক্রমানুসারে ০১ (এক) কর্মদিবসের মধ্যে** শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। তবে আবশ্যিকভাবে ভর্তির সকল কার্যক্রম ৩০/১২/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি গ্রহণের সময় নিম্নোক্ত বিষয়গুলো অবশ্যই অনুসরণ করতে হবে:

১) ২০২৫ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় ডিজিটাল লটারির আওতাভুক্ত সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ https://gsa.teletalk.com.bd লিংকে প্রবেশ করে প্রতিষ্ঠানের User ID ও Password দিয়ে Login করে ডাউনলোড অপশনটি Click করার পর তাঁর প্রতিষ্ঠানে আবেদনকারীদের তালিকা পেয়ে যাবেন। ডিজিটাল লটারিতে তাঁর প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত, ১ম অপেক্ষমাণ ও ২য় অপেক্ষমাণ তালিকার শিক্ষার্থীদের আবেদন সংক্রান্ত তথ্য এই লিংক থেকে যাচাই করতে পারবেন। লিংকে তথ্যাদি টাইপ করে Submit করলে আবেদনকারী কতবার আবেদন করেছে তা জানা যাবে। এক্ষেত্রে কোন আবেদনকারী তথ্য পরিবর্তন করে একাধিকবার আবেদন করে থাকলে ডিজিটাল লটারিতে তার ভর্তির নির্বাচন বাতিল বলে গণ্য হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠান তাঁদের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে শিক্ষার্থীদের নির্বাচিত তালিকা এবং ১ম ও ২য় অপেক্ষমাণ তালিকা প্রদর্শন করবেন;

২) ভর্তিকালীন নির্বাচিত শিক্ষার্থীদের কাগজপত্র পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে হবে;

৩) নির্বাচিত শিক্ষার্থীদের কাগজপত্র যাচাইকালীন শিক্ষার্থীর জন্ম সনদের মূল কপি, জন্ম সনদের অনলাইন কপি (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে যাচাই করতে হবে), পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি ভালো করে দেখতে হবে;

৪) মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে কোন শিক্ষার্থী নির্বাচিত হয়ে থাকলে (যাচাই সাপেক্ষে) তাকে ভর্তি করা যাবে না;

৫) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালায় যে সকল কোটা সংরক্ষিত রয়েছে ভর্তির সময় উক্ত কোটাসমূহে নির্বাচিত শিক্ষার্থীদের কোটা সংশ্লিষ্ট কাগজপত্র যথাযথভাবে যাচাই করতে হবে। নির্বাচিত তালিকার মধ্য থেকে কোটার শূন্য আসন পূরণ না হলে পর্যায়ক্রমে ১ম ও ২য় অপেক্ষমাণ তালিকা হতে ক্রমানুসারে কোটার শূন্য আসন পূরণ করতে হবে। এরপরও যদি কোটার শূন্য আসন পূরণ না হয় সেক্ষেত্রে সাধারণ নির্বাচিতদের মধ্য থেকে তালিকার ক্রমানুসারে উক্ত শূন্য আসন পূরণ করতে হবে। কোনভাবেই আসন শূন্য রাখা যাবে না;

৬) ২০২৫ শিক্ষাবর্ষে কোন শিক্ষা প্রতিষ্ঠানে কোন কারণে আসন শূন্য হলে বছরের কোন সময়েই ডিজিটাল লটারিতে নির্বাচিত শিক্ষার্থীর তালিকার বাইরে কোন শিক্ষার্থীকে উক্ত শূন্য আসনে ভর্তি করানো যাবে না;

৭) ডিজিটাল লটারির আওতাভুক্ত কোন প্রতিষ্ঠানে শূন্য আসনের বিপরীতে কাঙ্খিত শিক্ষার্থী না পাওয়া না গেলে মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-৩).১৯৯৫; তারিখ: ১১/১১/২০২৪ খ্রি. মোতাবেক জারিকৃত পত্রের আলোকে উক্ত শূন্য আসনে শিক্ষার্থী ভর্তি করাতে পারবেন;

৮) সর্বোপরি, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৯) উপরোল্লিখিত নির্দেশনা অনুসরণ না করে বিধিবহির্ভূতভাবে কোন শিক্ষার্থী ভর্তি করা হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

17.12.24

(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)
পরিচালক (মাধ্যমিক)
☎ ৪১০৫০২৮৫

বিতরণ:
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ)
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-
১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। জেলা প্রশাসক (সকল);
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা; [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
১১। সংরক্ষণ নথি।